



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং- ২২/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

**রংপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক চোরাই মালামাল উদ্ধারসহ গ্রেফতার-৫**



ঘটনা-১



ঘটনা-২



**ঘটনা- ১** : গত ২১/০৩/২০২২ খ্রি. সন্ধ্যা ০৬.০০ ঘটিকায় আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ধাপ এলাকার পারভেজ হোটেলের সামনে হতে একটি ব্যাটারি চালিত কাভার্ড ভ্যান হারিয়ে যায়। পরবর্তীতে ভ্যানের মালিক মোঃ সজীব মিয়া কোতয়ালী থানায় এ সংক্রান্তে একটি অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে, সিসিটিভি ফুটেজ ও গোপন সংবাদের ভিত্তিতে রাত্রী ০৮.৩০ ঘটিকায় কোতয়ালী থানার টহল ডিউটি অফিসার এসআই (নিঃ) মোঃ মজনু মিয়া এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ উক্ত থানাধীন ধাপ শ্যামলি লেন 'ভাই ভাই টেলিকম' এর সামনে হতে কাভার্ড ভ্যান এবং কাভার্ড ভ্যানের মালামালসহ আসামী মোঃ নুরজ্জামান নুর (৪০), পিতা- মৃত রমজান আলী, মাতা- নুরনুহার, সাং- ধাপ জেল রোড, থানা- কোতয়ালী, আরপিএমপি, রংপুরকে গ্রেফতার করে। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় ১টি চুরি মামলা দায়ের করা হয়।

**ঘটনা- ২** : অনুমান ২৭/০২/২০২২ খ্রি. থেকে ০৬/০৩/২০২২ খ্রি. এর মধ্যে আরপিএমপি, তাজহাট থানাধীন তাজহাট কালী মন্দির সংলগ্ন চারতলা ভবনের তৃতীয় তলায় একটি বাসা থেকে নগদ ১০,০০০/- টাকা, এলইডি টিভি, রাউটার সেটআপ বক্স ও অলংকারসহ অনুমান ১,৫০,০০০/- টাকার মালামাল চুরি হয়। উক্ত চুরির প্রেক্ষিতে তাজহাট থানা পুলিশ সাড়াশি অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানের প্রেক্ষিতে গত ২১/০৩/২০২২ খ্রি. আরপিএমপি, রংপুর কোতয়ালী থানা ও রংপুর জেলার পীরগাছা থানা এলাকা থেকে ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো-

- ১। শাহ মোঃ আঃ রহিম @ কুদ্দুস (৪৫), পিতা-মৃত হাজী ইউসুফ উদ্দিন, সাং-পশ্চিম দেবু, থানা-পীরগাছা, জেলা-রংপুর,
- ২। মোঃ ইকবাল হোসেন (৩৫), পিতা-মোঃ ইসমাইল হোসেন, মাতা-মোছাঃ নাজমা বেগম, সাং-আলমনগর মুসলিমপাড়া, থানা-কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর,
- ৩। মোঃ শহিদুল ইসলাম (৪০), পিতা-মৃত আব্দুল কাদের, পালিত পিতা-মোঃ টেলিসামাদ, মাতা-মোছাঃ শাহিদা খাতুন, সাং-তাজহাট স্কুল মোড় (গলাকাটা মোড়),
- ৪। মোঃ জামিনুর রহমান আপেল (৪৩), পিতা-মৃত আমিন উদ্দিন, মাতা-মোছাঃ জমিলা বেগম, সাং-বাবুপাড়া (সিটি বিস্কুট মোড় সংলগ্ন), বর্তমান ঠিকানা-তাজহাট কালিমন্দির (জৈনিক মিলনের বাড়ীর ভাড়াটিয়া), উভয়ের থানা-তাজহাট, রংপুর মহানগর, রংপুর

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে তাজহাট থানায় ১টি চুরি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

২২.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১